

3 (Sem-3/CBCS) BEN-HC 2

2022

BENGALI

(Honours)

Paper : BEN-HC-3026

(Chanda, Alangkar, Prachya Kabyatattwa)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো
(যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) চরণের আদি থেকে পরবর্তী যতি পর্যন্ত একটি কবিতার
চরণাংশকে কী বলে?
(পর্ব/পূর্ণযতি/পংক্তি/ছেদ)
- (খ) শূন্যস্থান পূর্ণ করো :
“ছন্দের মূলভিত্তি একটা ঐক্য। সেই ঐক্যের পরিচয়
আমরা পাই _____ ব্যবহারে।”
(অক্ষরের/যতির/পর্বের/ছেদের)
- (গ) মাত্রা বিচারের জন্য বাংলা অক্ষরকে কতগুলো শ্রেণিতে
ভাগ করা যায়?
(চার/তিন/দুই/এক)

- (ঘ) এই কথা শুনি আমি। আইনু পূজিতে ॥
পা দুখানি।**আনিয়াছি। কৌটায় ভরিয়া ॥
সিন্দুর।** করিলে আজ্ঞা*। সুন্দর ললাটে ॥
দিব ফোঁটা।**
এই ছন্দোলিপিটিতে কতগুলো ছেদচিহ্ন আছে?
(তিন/চার/পাঁচ/ছয়)
- (ঙ) মৌলিক স্বরান্ত অক্ষর সাধারণত কত মাত্রার বলে গণ্য করা হয়?
(এক/দুই/তিন/চার)
- (চ) ধ্বনিপ্রধান ছন্দে একটি পূর্ণ পর্বের সর্বনিম্ন মাত্রাসংখ্যা কোনটি?
(চার/পাঁচ/ছয়/সাত)
- (ছ) “গুরুগুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে, গরজে গগনে।”
এখানে ‘গ’-ধ্বনির অনুপ্রাস কতবার আবৃত হয়েছে?
(আট/দশ/বারো/চোদ্দো)
- (জ) কোন্ ধরনের অনুপ্রাসকে অন্ত্যানুপ্রাসের সহকারিরূপে গ্রহণ করা যায়?
(শ্রুতানুপ্রাস/ছেকানুপ্রাস/বৃত্তানুপ্রাস/সর্বানুপ্রাস)
- (ঝ) শব্দকে না ভেঙে, পূর্ণরূপে রেখে একাধিক অর্থে যদি তার প্রয়োগ করা হয় তবে কোন্ অলংকার হয়?
(যমক/অভঙ্গ শ্লেষ/সভঙ্গ শ্লেষ/রূপক)

- (ঞ) “শিশুকুলগুলি তোমারে ঘেরিয়া ফুটে।” এটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?
(উপমা/উৎপ্রেক্ষা/রূপক/বিরোধাতাস)
- (ট) “উৎপ্রেক্ষা ও সন্দেহ অলংকারের মধ্যে প্রধান পার্থক্য হল উৎপ্রেক্ষায় এককোটিক সংশয় আছে, সন্দেহতে তা দ্বিকোটিক।” এই মন্তব্য সম্পর্কে কোন্ অভিমতটি যথার্থ?
(শুদ্ধ/অশুদ্ধ/অর্থসত্য/ভিত্তিহীন)
- (ঠ) “এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ
মরণে তাহাই তুমি করে গেলে দান।”
এটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?
(অন্ত্যানুপ্রাস/বিরোধাতাস/সমাসোক্তি/নিশ্চয়)
- (ড) আলংকারিকদের মতে স্থায়ীভাবের সংখ্যা কয়টি?
(ছয়/সাত/আট/নয়)
- (ঢ) শৃঙ্গাররসের স্থায়ীভাবের নাম কী?
(উৎসাহ/জুগুপ্সা/হাস/রতি)
- (ণ) স্থায়ীভাব ‘জুগুপ্সা’ কোন্ রসে পরিণত হয়?
(শৃঙ্গার/করণ/বীভৎস/বীর)
- (ত) ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের রচয়িতা কে?
(ভরতমুনি/আনন্দবর্ধন/
বিশ্বনাথ কবিরাজ/ভবভূতি)

- (খ) “কাব্যং গ্রাহ্যমলংকারাং” উক্তিটি কার ?
(আচার্য বামন/অভিনবগুপ্ত/
বিশ্বনাথ কবিরাজ/দণ্ডিন)
- (দ) ‘ধ্বন্যালোকঃ’ গ্রন্থটি কার রচনা ?
(ভামহ/বিশ্বনাথ কবিরাজ/আনন্দবর্ধন/অভিনবগুপ্ত)

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) নিম্নলিখিত পদ দুটির প্রত্যেকটিতে মোট অক্ষর সংখ্যা কত ?
তীর্থস্থান; ঈশ্বরী
- (খ) “তালপাতার ঐ পুঁথির ভিতর ধর্ম আছে বললে কে”
এই পংক্তিতে যতিচিহ্ন বসাত।
- (গ) ‘অক্ষরের শোষণশক্তি’ কোন্ ছন্দের গুণ? এই
শোষণশক্তির বিষয়টি কে প্রথম দেখিয়ে দিয়েছিলেন?
- (ঘ) একাদিক্রমে তানপ্রধান এবং ধ্বনিপ্রধান ছন্দের রীতি
অনুযায়ী যে কোনো একটি পদের মাত্রাসংখ্যা নির্ণয়
করো :
চঞ্চল অথবা বিদ্যাসাগর
- (ঙ) পূর্ণোপমা অলংকারে কয়টি অঙ্গ স্পষ্টভাবে উল্লেখ
থাকে? যে কোনো একটি অঙ্গের নাম লেখো।

- (চ) কবিপ্রতিভা থেকে উথিত সংশয়বোধের দ্বারা অলংকার
তৈরি হয় এমন দুটি অলংকারের নাম লেখো।
- (ছ) ব্যাজস্তুতি অলংকারের উদাহরণ হিসাবে দুটি পংক্তির
উল্লেখ করো।
- (জ) “এবংবাদিনী দেবরৌ পার্শ্বে পিতুরধোমুখী
লীলাকমলপত্রাণি গণয়ামাস পার্বতী।”
এই শ্লোকাংশটি কার রচনা? এটি কোন্ গ্রন্থে সন্নিবিষ্ট?
- (ঝ) স-ব্যঙ্গ্যকাব্যের দুটি ভাগের নাম লেখো।
- (ঞ) দুই প্রকার বিভাবের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) টীকা লেখো :
যতি; পর্ব
- (খ) উপমান ও উপমেয় কাকে বলে? উৎপ্রেক্ষা অলংকারে
উপমান ও উপমেয়র সম্পর্ক কীভাবে দেখানো যায় তা
একটি উদাহরণের সাহায্যে স্পষ্ট করো।
- (গ) সঞ্চরীভাব ও অনুভাবের মধ্যে পার্থক্য কোথায় তা
উদাহরণ দিয়ে দেখাত।
- (ঘ) সাধারণীকরণ কাকে বলে? উদাহরণ দাও।
- (ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :
“নন্দলাল তো একদা একটা করিল ভীষণ পণ—
স্বদেশের তরে, যা করেই হোক, রাখিবেই সে জীবন।”

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“আকাশ জুড়ে ঢল নেমেছে সূর্য্য ঢলেছে
চাঁচর চুলে জলের গুঁড়ি, মুক্তো ফলেছে।”

(ছ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

“রঞ্জিত মেঘের মাঝে তুমারধবল
তোমার প্রাসাদসৌধ,”

(জ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

“ও নহে গগন সুনীল সিঁধু
তারার পুঞ্জ নহে ও, ফেনার রাশি।”

৪। তিনটি গুচ্ছ থেকে ন্যূনতম একটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক-গুচ্ছ

(ক) উপমা অলংকারের সংজ্ঞা নির্দেশ করো। কত ধরনের উপমা অলংকার হয় তা উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো :

শ্লেষ; যমক; বিরোধাতাস; নিশ্চয়

(গ) নিম্নলিখিত যে কোনো দুটি জোড়ের তুলনামূলক আলোচনা করো :

(১) বিরোধাতাস ও ব্যাজস্ততি

(২) অতিশয়োক্তি ও সমাসোক্তি

(৩) অপহুতি ও নিশ্চয়

খ-গুচ্ছ

(ঘ) ‘বাংলা ছন্দের মূলসূত্র’ গ্রন্থ অবলম্বনে উদাহরণসহ অক্ষরের শ্রেণিবিভাগ করো।

(ঙ) মাত্রা কাকে বলে? বিভিন্ন ছন্দের অক্ষরের অবস্থান অনুযায়ী কীভাবে অক্ষরের মাত্রা স্থির হয় তা বিশ্লেষণ করো।

(চ) উদাহরণসহ শ্বাসাঘাত-প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

(ছ) উদাহরণসহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

গ-গুচ্ছ

(জ) লৌকিক ভাব কীভাবে অলৌকিক রসে পরিণত হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঝ) গুণীভূত ব্যঙ্গ্যকাব্য ও ধ্বনির সংজ্ঞা নির্দেশ করে উভয়ের মধ্যে পার্থক্য কোথায় তা উদাহরণসহ আলোচনা করো।

(ঞ) বিভাব, অনুভাব ও সঞ্চরীভাব কোনগুলোকে বলে তা উদাহরণ দিয়ে বোঝাও।
